



পড়াশোনা

ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুরে নিয়মিত পূর্ণকালীন ফেলো হিসেবে
কাজের সুযোগ

প্রথম আলো ডেস্ক

ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুরের শিক্ষার্থী ছবি: বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে

ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুরে নিয়মিত পূর্ণকালীন রিসার্চ ফেলো হিসেবে আবেদনের সুযোগ রয়েছে। ১৯৯টি বিভাগ থেকে নিজের পছন্দসই বিষয়ে রিসার্চ ফেলো হিসেবে যোগ্যতা পূরণ সাপেক্ষে আবেদনের সুযোগ গ্রহণ করতে পারেন যে কেউ।

ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুর (NUS) সিঙ্গাপুরের শীর্ষস্থানীয় বিশ্বমানের একটি বিশ্ববিদ্যালয়। এই উচ্চশিক্ষার প্রতিষ্ঠানটি বিভিন্ন বিষয়ে বিস্তৃত শিক্ষা প্রদানের পাশাপাশি উদ্ভাবন ও উদ্যোক্তা মনোভাবকে ব্যাপকভাবে উৎসাহিত করে।

বিশ্ববিদ্যালয়টি শিক্ষা-দীক্ষার মানের দিক দিয়ে এশিয়ার সেরাদের মধ্যে অন্যতম। যার প্রমাণ পাওয়া যায় কিউএস বৈশ্বিক র‍্যাঙ্কিংয়ে প্রতিষ্ঠানটির অবস্থান দিয়ে। ২০২৫ সালের কিউএস বৈশ্বিক র‍্যাঙ্কিংয়ে অষ্টম, আর এশিয়া র‍্যাঙ্কিংয়ে প্রথম স্থান অর্জন করেছে বিশ্ববিদ্যালয়টি।

দরকারি নির্দেশনা

আপনি যে বিষয়ে ফেলোশিপ খুঁজছেন, সে বিষয়ে অনলাইনে ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুরের ওয়েবসাইট থেকে

By using this site, you agree to our Privacy Policy.

রিকমেন্ডেশন পাবেন।

তা ছাড়া অনলাইনে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সুনির্দিষ্ট টপিক সার্চ করেও সেখান থেকে আপনার পছন্দের ফেলোশিপ প্রোগ্রামটি খুঁজে পেতে পারেন।

জব এলার্ট চালু করতে বিশ্ববিদ্যালয়ের জব সাইট: careers.nus.edu.sg/NUS/go/View-All-Jobs-for-NUS/546644

ফেলোশিপের জন্য ভিজিট করুন: careers.nus.edu.sg/NUS/search/?createNewAlert=false&q=&locationsearch=&optionsFacetsDD_facility=&optionsFacetsDD_customfield2=Research+Staff&optionsFacetsDD_shifttype=

বেতন কত

ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুরের একজন নিয়মিত পূর্ণকালীন রিসার্চ ফেলো গড়ে প্রতি মাসে পান ৬৬৩১ সিঙ্গাপুর ডলার, টাকার হিসাবে যা প্রায় ৫ লক্ষ ৮২ হাজার টাকা। যা সেদেশের অন্যান্য চাকরির তুলনায় গড়ে ১০ শতাংশ বেশি বেতন।

ফেলোশিপের বিভাগগুলো

- কম্পিউটার বিজ্ঞান গ্রুপ
- বায়োকেমিস্ট্রি
- এআই সিঙ্গাপুর
- অ্যানাটমি
- প্রশাসন
- একাডেমিক ঘটনাবলি
- একাডেমিক প্রোগ্রাম ব্যবসা
- এলিস লি সেন্টার ফর নার্সিং স্টাডিজ
- অ্যাপ্লিকেশন— অ্যাপ্লিকেশন আর্কিটেকচার ও প্রযুক্তি
- অ্যাপ্লিকেশন— করপোরেট সিস্টেম

By using this site, you agree to our Privacy Policy.

- অ্যাপ্লিকেশন— ফ্যাকাল্টি ও রিসার্চ সিস্টেম—সহ আরও অসংখ্য বিভাগ রয়েছে।

যেভাবে করবেন আবেদন

- প্রথমে ওপরের ফেলোশিপের জন্য ওপরে দেওয়া লিংকে চলে যান।
- সেখান থেকে আপনার জন্য উপযুক্ত ফেলোশিপ প্রোগ্রাম বাছাই করুন। বাছাই করার ক্ষেত্রে প্রোগ্রামের বিস্তারিত জেনে নিন।
- ফেলোশিপ প্রোফাইলে দেওয়া নির্দেশনা অনুসারে অনলাইনে যথাযথ প্রক্রিয়ায় আবেদন করুন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো